শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০২.০০৮.২৩. ১১৪৯ তারিখঃ ০৮ এপ্রিল, ২০২৩ / ২৫ চৈত্র, ১৪২৯

## "আন্তঃপবিস পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি" (৩য় বার)।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০/= থেকে ২৪৬৮০/= টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ১। **বয়সসীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর **(০৭/০৫/২০২৩খ্রি. তারিখে)।**<br>২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণের সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বিবেচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (চট্টগ্রাম পবিস-৩) কর্তৃক দ্বিতীয় পক্ষের নিকট মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।<br>৪। **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ-**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট www.pbs3.chittagong.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড অথবা চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহপূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে **আগামী ০৭/০৫/২০২৩খ্রি.** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদপত্র/প্রত্যয়নপত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
(ক) Last pay certificate (LPC) অনুযায়ী মূল বেতন নির্ধারিত হবে।
(খ) সাকুল্য বেতন (মূল বেতন+বাড়ি ভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।
(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমাণ অর্থ।
(ঘ) মাসিক যাতায়াত ভাতা ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা
(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(চ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।

অঃপৃঃদ্রঃ

(ঞ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২ (দুই) টি উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

(ঝ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে চুক্তি অনুযায়ী মূল বেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

**০৪। অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চট্টগ্রাম এর অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিস এ চাকুরী সম্পন্নকারীগণ-কে অবশ্যই একাধিকবার পবিস এ চাকুরীর **"অভিজ্ঞতা সনদ"** দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতোপূর্বে অত্র পবিস এ মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে যারা কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই।

(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**(ঝ) অত্র পবিসের ভৌগলিক এলাকা তথা চট্টগ্রাম জেলার মীরসরাই, সীতাকুন্ড ও হাটহাজারী উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**

(ঞ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ট) ইতোপূর্বে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঠ) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ড) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ঢ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ণ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/৪/২৩
(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। একান্ত সচিব (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .......................... পবিস-১/২/৩/৪।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৮। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/বারৈয়ারহাট/হাটহাজারী/মীরসরাই জোনাল অফিস।
০৯। এজিএম(অর্থ/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম)।
১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs3.chittagong.gov.bd), চট্টগ্রাম পবিস-৩।
১১। অফিস নথি/মাস্টার নথি।

০৪/৪/২৩
(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

F:\Morsheda\CTG PBS-3\HR Department\02.008 নিয়োগ বিজ্ঞপ্তি.docx